

স্মারক নং- ইউজিসি/বেঃবিঃ/৭৬৯(০১)/২০১৮/

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ  
২১ জুন ২০২০ খ্রিস্টাব্দ

সাধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) এর উদ্ভূত পরিস্থিতির কারণে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে অনলাইন ক্লাস ও পরীক্ষা গ্রহণ, মূল্যায়ন ও শিক্ষার্থী ভর্তি সম্পর্কিত সকল নির্দেশনা গত ৭ মে ২০২০ স্মারক নং ইউজিসি/বেঃবিঃ/৭৬৯(০১)/২০১৮/২২১৪ অনুযায়ী সকল বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত নির্দেশনায় অনলাইন ক্লাস ও পরীক্ষা গ্রহণ, মূল্যায়ন ও শিক্ষার্থী ভর্তি সম্পর্কিত সকল বিষয় বিশদভাবে বিধৃত করা হয়েছে। উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন ও অনুসরণ করার জন্য সকল বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য যে, গত ৭ মে ২০২০ তারিখে জারিকৃত কার্যালয় স্মারকের (কমিশনের ওয়েবসাইটে প্রদর্শিত) সাধারণ নির্দেশাবলীর (শিক্ষার্থীর ফি আদায় সংক্রান্ত) **অনুচ্ছেদ ৪, ৫, ৬ ও ৭** এর ব্যত্যয় ঘটিয়ে কোন বিশ্ববিদ্যালয় কোন কর্মকান্ড পরিচালনা অথবা পরিচালনার নিমিত্ত অন্য কোন নির্দেশনা প্রদান করে থাকলে প্রমাণক/ডকুমেন্টসহ তা [private.ugc@gmail.com](mailto:private.ugc@gmail.com) এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে



ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ